

আইআইইউসি'র সংবর্ধনা অনুষ্ঠানে ভিসি প্রফেসর কে. এম গোলাম মহিউদ্দিন

## আজহারুল ইসলাম একজন সৎ নিষ্ঠাবান শিক্ষাবিদ জ্ঞান অর্জন-বিতরণেই তিনি জীবন ব্যয় করেছেন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন বলেছেন, আজহারুল ইসলাম একজন সৎ নিষ্ঠাবান শিক্ষাবিদ, জ্ঞান অর্জন-বিতরণেই তিনি জীবন ব্যয় করেছেন।

আজ বৃহস্পতিবার সকালে আইআইইউসি আয়োজিত সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলামের বিদায় এবং নবনিযুক্ত ভাইস চ্যান্সেলরের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন এ কথা বলেন। আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজ এর চেয়ারম্যান এর সভাপতিত্বে মিলনায়তনে অনুষ্ঠিত এ আয়োজনে বক্তব্য রাখেন, বোর্ড অব ট্রাস্টীজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দুইন মোহাম্মদ, ফিন্যান্স কমিটির চেয়ারম্যান অধ্যাপক আহসানউল্লাহ, প্রো ভাইস চ্যান্সেলর (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. দেলাওয়ার হোসেন, ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরী, শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. নাজমুল হক নাদভী, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মনিরুল ইসলাম, কলা ও মানবিক অনুষদের ডীন প্রফেসর মুহাম্মদ হুমায়ুন কবীর, ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মোঃ ইফতেখার উদ্দিন, ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট ডিভিশনের পরিচালক মহিউদ্দিন হোসাইন এবং স্বাগতঃ বক্তব্য রাখেন আইআইইউসি'র রেজিস্ট্রার কর্নেল মুহাম্মদ কাসেম পিএসি (অবঃ)। এ সময় উপস্থিত ছিলেন ট্রাস্টের ট্রেজারার মুহাম্মদ নূরুল্লাহ ও সদস্য প্রিন্সিপাল আমীরুজ্জামান। অনুষ্ঠান উপস্থাপনা করেন স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ডিভিশনের পরিচালক আ জ ম ওবায়দুল্লাহ। সঙ্গীত পরিবেশন করেন অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মামুনুর রশিদ ও চৌধুরী গোলাম মাওলা।



আইআইইউসি'র সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলামের বিদায় এবং নবনিযুক্ত ভাইস চ্যান্সেলরের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন প্রফেসর কে.এম. গোলাম মহিউদ্দিন।

গোলাম মহিউদ্দিন।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিন বলেন, আইআইইউসি'র সার্বিক উন্নয়নে প্রফেসর আজহারের অবদান অবিস্মরণীয় হয়ে থাকবে। বিশেষ করে এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক শৃংখলা আনয়নে তার ভূমিকা অতুল্য। শিক্ষকরা মানসম্পন্ন হলে ছাত্ররাও মানসম্পন্ন হবে উল্লেখ করে তিনি বলেন, শিক্ষকদের পেশাগত দক্ষতা বাড়ানো এবং গবেষণা কাজকে সাবেক ভিসি অগ্রাধিকার দিতেন।

সংবর্ধিত অতিথি বিদায়ী ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলাম বলেন, বিদায় নয়, আইআইইউসি'র সাথে সবসময় আছি। আমি আনন্দিত এই জন্যে যে, এই বিশ্ববিদ্যালয়ে নিয়মকে সুপ্রতিষ্ঠিত করতে পেরেছি। তিনি বলেন, চরম বৈরিতার মধ্যেও আইআইইউসি'র ব্যাপক অবকাঠামোগত ও একাডেমিক উন্নতি সাধিত হয়েছে।

বিদায়ী ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম. আজহারুল ইসলাম এবং নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর কে.এম গোলাম মহিউদ্দিনকে আইআইইউসি পরিবারের পক্ষ থেকে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টীজ এর চেয়ারম্যান পুষ্পসুবক, ক্রেস্ট এবং উপহার সামগ্রী প্রদান করেন। *প্রেস বিজ্ঞপ্তি*

**(মোসতাক খন্দকার)**

সহকারী পচালক, জনসংযোগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম